আইনগত অনুসন্ধানের শুনানিতে কী আশা করা যায়

24 অক্টোবর - 15 ডিসেম্বর 2023

ক্রাইস্টচার্চ ল কোর্ট (Christchurch Law Courts)

CORONERS COURT
Te Kōti Kaitirotiro Matewhawhati

কীভাবে উপস্থিত থাকবেন?

সরাসরি উপস্থিত থাকুন

একই সময় আদালতের অন্যান্য মামলা চলবে। সীমিত আসনের কারণে, মৃত ব্যক্তির নিজের পরিবারের লোকজন ও আগ্রহী অন্যান্য পক্ষকে অগ্রাধিকার দেওয়া হবে।

প্রতিদিনের মতোই শুনানি সকাল 10টায় শুরু ও বিকেল 5টায় শেষ হবে। শুক্রবার বিকেলে আদালত বসার সম্ভাবনা নেই।

শনাক্তকরণের জন্য কবজিতে রঙিন ব্যান্ড ব্যবহার করা হবে।

আদালতে যেসব ব্যক্তির সহায়তা ও সেবা পাবেন:

- ঘুরে ঘুরে সেবা প্রদানকারী দোভাষীরা
- আদালতে ভুক্তভোগীদের জন্য উপদেষ্টা
- Manaaki Tāngata Victim Support
- আরবি, বাংলা, সোমালি ও উর্দুতে সরাসরি দোভাষী পরিষেবা
- আদালতে নিরাপত্তা কর্মকর্তা
- Hato Hone St John

আদালতে যেসব সুবিধা পাবেন:

- দোয়া করার কক্ষ
- পরিবারগুলির জন্য বিশেষ জায়গা
- ওয়েলবিইং রুম
- ক্যাফে

বসার জায়গা:

বড় স্ক্রিন সহ একটি প্রধান আদালত কক্ষ ও দুটি ওভারফ্লো আদালত কক্ষ।

দিবস 1: কেবলমাত্র মৃত ব্যক্তির নিজের পরিবারের লোকজন ও সহায়তাকারী ব্যক্তিদের জন্য আসন।

অন্যান্য দিন: প্রত্যেক আগ্রহী পক্ষের ভুক্তভোগীদের জন্য প্রতিদিন 2 জনের বসার মতো সংরক্ষিত আসন। অনাগ্রহী পক্ষের ভুক্তভোগীদের আগে এলে আগে পাওয়ার ভিত্তিতে বসার জায়গা দেয়া হবে।

বাড়ি থেকে লাইভ দেখতে পাবেন

শুনানির এক সপ্তাহ আগে, নিবন্ধন করেছেন এমন প্রত্যেক ব্যক্তিকে অনলাইনে শুনানি দেখার জন্য একটি লিঙ্ক পাঠানো হবে। দেখার আগে অবশ্যই আপনাকে শর্তাবলী মেনে নিতে হবে।

বাড়িতে দেখার সময় যেসব পরিষেবা পাবেন:

- আরবি, বাংলা, সোমালি ও উর্দুতে সরাসরি দোভাষী পরিষেবা
- ফোন: 0800 88 88 20
- ইমেল: coronial.response@justice.govt.nz